শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিস্টিটিউট
চট্টগ্রাম।
www.bfri.gov.bd

নং ২২.০৪.০০০০.০০৩.০৩.০০৭.১৭-৯২২, তারিখ:২৮-০৪-২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণায়ের আওতাধীন বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর নিম্নেবর্ণিত রাজস্ব খাতভূক্ত শুন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (Online-এ http://bfri.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১. | সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড-১৩ | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ,<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ এবং কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | চট্টগ্রাম ও ফেনী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড-১৩ | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দের গতি এবং সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হবে। | নোয়াখালী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৩. | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ০৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; | চট্টগ্রাম ও বাগেরহাট জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ৪. | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ০৩ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ,<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ এবং (কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | লক্ষীপুর, চট্টগ্রাম, কুমিল্লা, নারায়নগঞ্জ, নোয়াখালী, মুন্সীগঞ্জ, নওগাঁ, সাতক্ষীরা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ৫. | সিকিউরিটি ইন্সপেক্টর<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড-১৪ | ০১ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) উচ্চতা ১৬৮ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি.;<br>(গ) পুলিশ বা সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণ অগ্রাধিকার পাইবেন।<br>(অবসরপ্রাপ্ত পুলিশ বা সশস্ত্র বাহিনীর সদস্যগণের ক্ষেত্রে বাহিনীতে চাকুরীকালীন সময়ের বয়স শিথিলযোগ্য।) | - |
| ৬. | ফরেস্টার<br>৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৫ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ডিপ্লোমা ইন ফরেস্ট্রি;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী;<br>(গ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি.। | চট্টগ্রাম, যশোর ও ঝালকাঠি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৭. | যান্ত্রিক নৌকা চালক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০২ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং ৩য় শ্রেণির মাস্টার যোগ্যতা সনদধারী<br>অথবা<br>কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডেক রেটিং এ প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | পটুয়াখালী ও খুলনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৮. | গাড়ি চালক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৮ | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃক প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্সপ্রাপ্ত;<br>(গ) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী। | নোয়াখালী, লক্ষীপুর, ব্রাহ্মণবাড়ীয়া, পিরোজপুর, কুমিল্লা, সিরাজগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ৯. | কম্পাউন্ডার<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফার্মেসি বিষয়ে ডিপ্লোমা। | - |
| ১০. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০৭ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ, | চট্টগ্রাম, ঝালকাঠি, বরিশাল, ঠাকুরগাঁও, যশোর, কুমিল্লা, গাইবান্ধা, শরীয়তপুর, রাঙ্গামাটি, লক্ষীপুর, নরসিংদী জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১১. | অফিস সহকারী কাম-হিসাব রক্ষক<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে হিসাব বিজ্ঞানসহ বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ, | - |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১২. | লাইব্রেরী অ্যাসিসটেন্ট<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০১ | (ক)কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(খ) ডিজিটাল লাইব্রেরী ম্যানেজমেন্টে দক্ষতা। | - |
| ১৩. | নার্সারী সুপারভাইজার<br>৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পটুয়াখালী, গাইবান্ধা ও ময়মনসিংহ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১৪. | ইঞ্জিনম্যান<br>৮৮০০-২১৩১০/-<br>গ্রেড-১৮ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>অথবা<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইঞ্জিন রেটিং-এ প্রশিক্ষণসহ ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | - |
| ১৫. | পাইপ ফিটার<br>৮৮০০-২১৩১০/-<br>গ্রেড-১৮ | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | - |
| ১৬. | ফিল্ডম্যান<br>৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯ | ১০ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী। | কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল ও টাঙ্গাইল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ১৭. | প্লান্ট মাউন্টার<br>৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯ | ০৩ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুঠাম দেহের অধিকারী। | দিনাজপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১৮. | ফরেস্ট গার্ড<br>৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯ | ১৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী।<br>(গ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি। | কুমিল্লা, চট্টগ্রাম, দিনাজপুর, নোয়াখালী, লক্ষীপুর, ময়মনসিংহ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
| ১৯. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-<br>গ্রেড-২০ | ২৮ | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী। | নোয়াখালী, চট্টগ্রাম কুমিল্লা, বরিশাল, চাঁদপুর, খুলনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br>উল্লেখ্য যে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আবেদনকারীর বয়স ০১-০৫-২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্ব্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। **ক্রমিকে বর্ণিত ০১ ও ১০ এ উল্লেখিত পদের জন্য বিভাগীয় প্রার্থী (বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট)এর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।** বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়; এবং অবসরপ্রাপ্ত পুলিশ বা সশস্ত্র বাহিনীর সদস্যগণের ক্ষেত্রে বাহিনীতে চাকুরীকালীন সময়সহ বয়স ৫৯ বছরের অধিক গ্রহণযোগ্য নয়।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৪। **ক্রমিক নং ০২-এ বর্ণিত প্রার্থীগণকে লিখিত পরীক্ষার পর Standard Aptitude Test-এ অবতীর্ণ হতে হবে।**

৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা;

৬। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে;

(খ) Online-এ পূরণকৃত Application Form সহ ১ম শ্রেণির গেজেটড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের এক সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের (রঙিন) সত্যায়িত ছবি দাখিল করতে হবে;

(গ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে;

(ঙ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষে নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৭। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৮। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৯। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। **তবে ক্রমিক নং ১, ৪, ১০ ও ১১-এ বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।**

**১০। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

(ক) আগ্রহী প্রার্থীগণ **http://bfri.teletalk.com.bd** এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **১০ মে ২০২২, সকাল ১০:০০ টা।**

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **২৪ মে ২০২২, বিকাল ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel ×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল **কার্য**ক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান **:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পুর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-১৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য (অফেরতযোগ্য) মোট ১১২/- (এক শত বারো) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] এবং ১৯ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

প্রথম SMS : **BFRI<space>UserID** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example : **BFRI ABCDEF**

Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee,
Your PIN is xxxxxxxxxx. To pay fee Type BFRI<Space>YES<Space>PIN and send to 16222G

**দ্বিতীয় SMS: BFRI<space>YES<space>PIN** লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example : **BFRI YES 123456789**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BFRI Recruitment Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ **http://bfri.teletalk.com.bd** এবং বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট-এর ওয়েবসাইট www.bfri.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মোবাইল ফোন নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **BFRI<space>Help<space>User<space>UserID** & Send to 16222. Example: **BFRI Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **BFRI**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222. Example: **BFRI Help PIN 12345678.**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ বন গবেষণা ইনস্টিস্টিটিউট, চট্টগ্রাম এর ওয়েবসাইট www.bfri.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bfri.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা bfri_admin@ctpath.net এ ই-মেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk মেসেজ এ যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BFRI, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বো কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বিভাগীয় কর্মকর্তা (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।